গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
**ইউনিট-১**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.১০১.১১.০০১.২২-৬৪০ www.prebd.com

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪৩২ / ১৫ ডিসেম্বর ২০২৫

**বিজ্ঞপ্তি**

**বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (ই/এম) (১০ম গ্রেড) পদের পরীক্ষার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষার কেন্দ্র, সময়সূচি, আসন বিন্যাস ও নির্দেশাবলি।**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন নগর উন্নয়ন অধিদপ্তরের **'উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)'** (১০ম গ্রেড) পদে (বিজ্ঞপ্তির তারিখ : ১৩.০২.২০২৫, বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৬৮) অনলাইনে আবেদনকারী প্রার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| পদের নাম ও বিজ্ঞপ্তির তারিখ | পরীক্ষার তারিখ ও সময় | ক্রমিক নম্বর | পরীক্ষার হলে নাম | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| উপ-সহকারী প্রকৌশলী (ই/এম) (১০ম গ্রেড) (বিজ্ঞপ্তির তারিখ : ১৩.০২.২০২৫, বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৬৮) | ২৯.১২.২০২৫ সোমবার বিকাল ৩:৩০ মিনিট থেকে ৪:৩০ মিনিট পর্যন্ত | ১ | লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা | 000001-002600 | ২৬০০ |
| | | ২ | আগারগাঁও তালতলা সরকারি কলোনী উচ্চ বিদ্যালয় ও কলেজ, শেরে বাংলা নগর, ঢাকা | 002601-005100 | ২৫০০ |
| | | ৩ | শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা | 005101-007400 | ২৩০০ |
| | | ৪ | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা | 007401-009400 | ২০০০ |
| | | ৫ | সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ, গজনবী রোড, কলেজ গেইট, মোহাম্মদপুর, ঢাকা। | 009401-500025 | ২০০০ |
| | | ৬ | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর,ঢাকা | 500026-800469 | ১৬০০ |
| | | ৭ | ৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা | 800470-800700 | ১৮৫ |

**সময়সূচি ও নির্দেশাবলি**

| সময়সূচি | পরীক্ষার্থীদের করণীয় |
|---|---|
| দুপুর ২:৩০ মিনিট | পরীক্ষার্থীরা নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন। |
| দুপুর ৩:০০ মিনিট | পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীরা উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশমতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। |
| বিকাল ৩:৩০মিনিট | পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন সেট-১, সেট-২, সেট-৩ ও সেট-৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থীরা উত্তর প্রদান শুরু করবেন। |
| বিকাল ৪:৩০ মিনিট | পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীরা প্রশ্নপত্র নিয়ে যাবেন। |

**পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:**

১. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ অনলাইনে আবেদনকারী পরীক্ষার্থীরা **'উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)'** (১০ম গ্রেড) পদের বাছাই (MCQ Type) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। পরীক্ষার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না।

২. কোনো পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৩. প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

৪. **দুপুর ৩:০০ মিনিটের পর পরীক্ষার্থীদের পরীক্ষার কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।**

৫. পরীক্ষার্থীদের নির্দিষ্ট কেন্দ্রের নির্দিষ্ট কক্ষ ব্যতীত অন্য কেন্দ্রে/কক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে না।

৬. হাজিরা বহির্ভূত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৭. হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৯. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে কিংবা উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।

১০. **প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ১৮.১২.২০২৫ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১ বরাবর (২ কপি রঙিন ছবিসহ) প্রতিবন্ধিতার স্বপক্ষে সমাজসেবা অধিদপ্তর থেকে প্রদত্ত সনদের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।**

১১. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখকের ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

১২. পরীক্ষার্থীদের ১০০ নম্বরের Multiple Choice Question (MCQ) ধরনের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ০১ (এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার সময় ০১ (এক) ঘণ্টা।

১৩. পরীক্ষার্থীদেরকে বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-২০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল (ই/এম) বিষয়-৪০ নম্বরসহ মোট ১০০ নম্বরের ১টি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ০১ (এক) ঘণ্টার মধ্যে তাদেরকে ৪টি বিষয়ের ১০০ নম্বরের উত্তর প্রদান করতে হবে।

১৪. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৫. পরীক্ষার কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ওয়ালেট, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না: কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত পরীক্ষার্থীদের বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫/১২/২০২৫
দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)